১৪|৬|২০০৭

ভোরের কাগজ

তারিখ ...........
পৃষ্ঠা ২ কলাম ১

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় : সমাবেশ বন্ধ করতে পুলিশ নিয়ে চড়াও প্রক্টর

চ.বি সংবাদদাতা : বার বার নিষিদ্ধ ঘোষণা করেও ক্যাম্পাসে মিছিল-সমাবেশ বন্ধ করতে ব্যর্থ হয়ে পুলিশের সঙ্গে সঙ্গে স্বয়ং প্রক্টরও এবার চড়াও হয়েছে সাধারণ ছাত্রছাত্রীদের ওপর। তাদের উদ্যোগে গতকাল বুধবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১ নং গেটের ঝুপড়ি দোকানগুলোতে সকালের নাস্তা খাওয়ার সময় ছাত্রছাত্রীদের গণহারে তাড়িয়ে দেওয়া হয়।

জানা গেছে, ছাত্রলীগের একাংশের মিছিল-সমাবেশ ঠেকাতে প্রক্টর অধ্যাপক ড. তৌহিদ হোসেন চৌধুরী এ কাজ করেছেন। সন্ত্রাসীদের গ্রেপ্তার ও বিচারের দাবিতে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসির হায়দার বাবুলের নেতৃত্বাধীন গ্রুপের চলমান-আন্দোলন ঠেকাতে প্রক্টর সাধারণ ছাত্রদের ওপর চড়াও হয়েছেন বলে ঐ গ্রুপের এক নেতার ধারণা। তিনি জানান, এর আগের মিছিলগুলো ১ নং গেট থেকে সংগঠিত হয় বলে প্রক্টর এখানে সাধারণ ছাত্রদের দাঁড়াতেই দিচ্ছেন না।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে সেকেন্ড ট্রেন ক্যাম্পাসে আসার পর ছাত্রছাত্রীরা যখন ঝুপড়িগুলোতে নাস্তা খেতে বসে পুলিশ নিয়ে প্রক্টর তখন তাদেরকে জোর করে উঠিয়ে দেন। এ সময় প্রক্টর ড. তৌহিদ হোসেনকে পুলিশের লাঠি হাতে দৌড়াদৌড়ি করতে দেখা যায়। ছাত্রছাত্রীদের হয়রানি ছাড়াও এতে ক্ষতিগ্রস্ত হয়েছে দোকানিরা। তারা সরবরাহকৃত নাস্তার বিল যেমন পায়নি অবশিষ্ট নাস্তাগুলোও বিক্রি করতে পারেনি।

উল্লেখ্য, শহর থেকে আসা এবং আবাসিক হলের প্রচুর ছাত্রছাত্রী এখানে সকালের নাস্তা খায়।

এদিকে গত মঙ্গলবার ছাত্র ধর্মঘটের পর ছাত্রলীগের বাবুল গ্রুপ আগামী শনিবার ক্যাম্পাসে সন্ত্রাসের বিরুদ্ধে মানববন্ধনের ঘোষণা দিয়েছে। তবে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পুলিশ কোনোভাবেই এই মানববন্ধন হতে দেবে না বলে জানিয়েছে। হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহফুজুর রহমান গতকাল এ প্রতিবেদককে বলেন, 'মানববন্ধন করতে চাইলে গ্রেপ্তার করা হবে। ক্যাম্পাসের ভেতরে কোনো জমায়েত হতে দেওয়া হবে না।'

ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে এখন ২২৪ জন পুলিশ মোতায়েন রয়েছে। গতকাল আরো ২৫ জন অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।